



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/29/2022

গভর্নর ক্যাথি হোকল

সেনেকা বিরোধের নিষ্পত্তি সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আমার প্রশাসনের শুরু থেকেই, আমি এই বিরোধ নিষ্পত্তির জন্য এবং স্টেট ও স্থানীয় সরকারগুলোর পাওনা তহবিল সংগ্রহ করার জন্য অঙ্গীকারবদ্ধ থেকেছি। আদালত প্রতিনিয়ত স্টেটের পক্ষে রায় দিয়েছে, কিন্তু এখনো কোনো অর্থ পরিশোধ করা হয়নি। দায়িত্ব গ্রহণের পর থেকে, আমি সদিচ্ছা নিয়ে আলোচনা করতে চেয়েছি এবং আমরা প্রতিটি প্রতিবন্ধকতার মোকাবেলা করেছি। আমি আনন্দিত যে অবশেষে আমরা একটি সমাধানে পৌঁছাতে পেরেছি, এবং নিউ ইয়র্ক পুরো 564 মিলিয়ন ডলার সংগ্রহ করতে পেরেছে।

এসব তহবিল ওয়েস্টার্ন নিউ ইয়র্ক থেকে এসেছে, এবং আমি স্টেটের অংশটুকু, যা 418 মিলিয়ন ডলারেরও বেশি, নতুন বাফেলো বিলস স্টেডিয়ামের জন্য বরাদ্দ করছি। এটি বিলস-এর নিউ ইয়র্ক স্টেটে থাকা নিশ্চিত করবে এবং নির্মাণকাজের জন্য 10,000 কর্মসংস্থান তৈরিতে সহায়তা করবে। তহবিলের বাকি অংশ সরাসরি ওয়েস্টার্ন নিউ ইয়র্কের কাউন্টি ও সিটিগুলোতে চলে যাবে এবং স্থানীয় অর্থনীতি ও কমিউনিটিগুলোকে সহায়তার জন্য পুনরায় বিনিয়োগ করা হবে।

নিউ ইয়র্কের জনগণের প্রতি তাদের অঙ্গীকার পূরণ করায় আমি প্রেসিডেন্ট প্যাগলস ও জাতীয় নেতৃত্বকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418